

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পরিবেশ শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের নৈতিকতা কমিটির ত্রৈমাসিক
(জানুয়ারি-মার্চ/২০২১) সভার কার্যবিবরণী।


সভাপতি মোহাঃ অলিউল্লাহ মিয়া
পরিচালক
সভার তারিখ ১৫ মার্চ, সোমবার ২০২১।
সভার সময় বেলা ৩.০০ ঘটিকা।
স্থান বাহাজউঅ সভাকক্ষ।
উপস্থিতি সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানান এবং অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) কে আলোচনার আহ্বান জানান। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, ২০২০-২১ অর্থবছরে নৈতিকতা কমিটির এটি ৩য় সভা। এ সময়ে সভাপতি উত্তম চর্চার তালিকা সম্পর্কে জানতে চান। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, এ অধিদপ্তর হতে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক উত্তম চর্চার তালিকা প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে তা আপলোড করা হয়েছে। সভাপতি বলেন যে, উত্তম চর্চার বিষয়গুলো আমাদের গুরুত্বের সাথে অনুসরণ করতে হবে। প্রয়োজনে উত্তম চর্চার আরো নতুন বিষয় সংযোজন করা যেতে পারে। বর্তমানে COVID-১৯ পরিস্থিতি পূর্বের তুলনায় অপেক্ষাকৃত খারপের দিকে যাচ্ছে মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অফিসে ঢোকার সময় হ্যান্ড স্যানিটাইজ ব্যবহার করা এবং অফিস চলাকালীন যথাযথভাবে স্বাস্থ্যবিধি পালনের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে প্রতিদিন সময়মত অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগ নিশ্চিত করতে হবে।
- ২। সরকারি সম্পত্তি (বিদ্যুৎ, গ্যাস, পানি, কম্পিউটার যন্ত্রপাতি) রক্ষণাবেক্ষণ ও ব্যবহারে সর্বোত্তম সতর্কতা অবলম্বন করতে হবে।
- ৩। সপ্তাহে ১ দিন (প্রশাসন) উইং অফিস পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বিষয় তদারকি করবে।
- ৪। নৈতিকতা কমিটির ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েব সাইট আপলোড করতে হবে।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোহাঃ অলিউল্লাহ মিয়া
পরিচালক


স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০১৩.১৬.৪১৭.১৯.১৫

তারিখ: ৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

- ৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৭) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর



নুরজাহান খানম
উপ-পরিচালক